

💵 বিদআত দৰ্পণ

বিভাগ/অধ্যায়ঃ প্রচলিত কিছু বিদআতের নমুনা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পরিশেষে বিদআত রুখব কিভাবে?

- (১) যথাসম্ভব অধিকাধিক সুন্নাহ জানা ও প্রচার করার মাধম্যে বিদআতের মুকাবিলা করতে পারা যায়।
- (২) বিদআত রুখার জন্য সমাজের সকল শ্রেণীর মানুষের এবং বিশেষ করে শিক্ষিতদের নির্দিষ্ট কর্তব্য রয়েছে। তন্মধ্যে উলামাদের কর্তব্য ও ভূমিকা সবচেয়ে অধিক গুরুত্বপূর্ণ। সকল রকম বাধা ও স্বার্থকে উল্লংঘন করে ব্যক্তিগত ও সামাজিক জীবনের সকল ক্ষেত্রে সহীহ সুন্নাহকে বাস্তবায়ন করে, তার প্রত্যেকটি নির্দেশের উপর আমল করে নিজেদের জীবন ও সমাজ গড়ে তুলে আমরা বিদআতকে প্রতিহত করতে পারি।
- (৩) বিদআত সৃষ্টির যে সমস্ত মূল কারণ রয়েছে তা ধ্বংস ও নির্মূল করে বিদআতের প্রাদুর্ভাব থেকে আমরা বাঁচতে পারি।
- (৪) যে আলেম ইজতিহাদের উপযুক্ত নয় তাঁর নিকট হতে কোন ইজতিহাদী মত গ্রহণ করব না এবং অন্ধভাবে তাঁর ব্যক্তিত্বের খাতিরে তাঁর ইজতিহাদ মতে আমল করব না।
- (৫) উদার ও খোলা মনে কুরআন ও সহীহ সুন্নাহর অস্ত্র দ্বারা প্রচলিত প্রথা ও কুসংস্কারের শর্য়ী অপারেশন করব এবং এ ব্যাপারে মজবুত অস্ত্র কেবল কুরআন, সহীহ বা হাসান হাদীস এবং সহীহভাবে প্রমাণিত সাহাবাদের আদর্শকেই মানব। আর ফাযায়েলে আমালে য্য়ীফ হাদীস ব্যবহার চলবে' এই তর্ক করে য্য়ীফ, য্য়ীফ জিদ্দা ও মওয়' হাদীসের উপর আমল করব না।
- (৬) আমরা কোন মতবাদীর ব্যক্তি পূজা করে অথবা কোন দলীয় নীতির ভক্তি পূজা করে তার কোন রায়, ইজতেহাদ ও মতবাদের অন্ধ পক্ষপাতিত্ব করব না। আমাদের উদ্দেশ্যে ও লক্ষ্ম হবে 'হক' ন্যায় ও প্রকৃত সত্যের নাগাল। যার অসীলা হবে শুদ্ধ প্রতিপাদিত ও যুক্তিযুক্ত দলীল।
- (৭) কাজ যত ছোটই হোক, তাতে আমরা সুন্নাহর সীমালংঘন করব না।
- (৮) সাধারণ শুন-মৌলভী' আলেম ও ওস্তাদীদেরকে ফতোয়া দেওয়া হতে রুখব এবং আমরা তাদেরকে কোন ফতোয়া জিজ্ঞাসা করব না, যারা ফতোয়া দেওয়ার উপযুক্ত নয়, তাদের ফতোয়া মানবও না; যদি জানি যে, প্রকৃত মুফতীগণের ফতোয়া এর পরিপন্থী।
- (৯) আমরা কোন বিশ্বাস বা কর্মগত বিষয়ে কোন বিধর্মীর অনুকরণ করব না। মুসলিমদের প্রতি অমুসলিমদের বিশ্বাস ও প্রথার অনুপ্রবেশ-পথ সম্পূর্ণরূপে বন্ধ করব।
- (১০) দ্বীনী বিষয়ে আমরা জ্ঞানকে প্রাধান্য দেব না, বরং জ্ঞান ও সকল কিছুর সৃষ্টিকর্তা সর্বজ্ঞ আল্লাহর হিকমত ও যুক্তিকে প্রাধান্য দেব; যদিও আমাদের নিকট তা বোধগম্য নয়। (বিস্তারিত প্রস্তুবআল-কিৎসহ তীদুহা অমাওকিফুল ইসলামি মিনহ্য ৪৯৩-৪৯৮ পৃঃ)



এ সব কিছু যদি আমরা করতে পারি, তাহলে ইনশাআল্লাহ দেখব যে, বিদআত ও বিদআতী এ ধরা থেকে চিরতরের জন্য বিদায় নিয়েছে। আল্লাহ আমাদের সকলকে তাই করার তওফীক ও প্রেরণা দিন। আমীন। অস্বাল্লাল্লাহু আলা নাবিয়্যিনা মুহাম্মাদ, আলা আলিহী অসাহবিহী আজমাঈন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12299

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন